17

দৈনিক সংবাদ

তারিখ 04 MAY 1992
পৃষ্ঠা ৫ কলাম ৬

9

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# ভর্তির ক্ষেত্রে অনিয়ম করা হচ্ছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৩রা মে।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে এম,এ প্রিলিমিনারী শ্রেণীর ভর্তির ক্ষেত্রে অভিযোগ পাওয়া গেছে। নিয়ম অনুযায়ী লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি করার নিয়ম থাকলেও কেবলমাত্র ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ক্ষেত্রে তা মানা হয়নি।

মোট ২২টি বিভাগে ভর্তি পরীক্ষা হচ্ছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সোমবার ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে ভর্তি পরীক্ষার ফলাফল ঘোষণা করেছেন। এতে উত্তীর্ণ ৩৫ জন ছাত্র–ছাত্রীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ ছাড়াই আগামী ৭ই মের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় অফিস থেকে ভর্তির ফরম সংগ্রহ করে ভর্তি সম্পন্ন করার নির্দেশ দেয়া হয়েছে।

২২টি বিভাগের মধ্যে ২১টিতে লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি করার নিয়ম পালন করা হলেও শুধু ইসলামের ইতিহাস বিভাগে এই নিয়মের ব্যতিক্রম 'রহস্যজনক' বলে অভিজ্ঞমহলের অভিমত। বিশ্ব–বিদ্যালয়ের একজন শিক্ষক জানান, ইসলামের ইতিহাস বিভাগে যে ৩৫ জনকে ভর্তি করা হয়েছে তাদের মধ্যে ২০ থেকে ২৫ জনই হচ্ছে ছাত্র শিবির কর্মী কিংবা সমর্থক। দুর্নীতির আশ্রয় নিয়ে গৃহীত লিখিত পরীক্ষার ভিত্তিতে শিবির কর্মীদের ভর্তি পাকাপোক্ত করা এবং বিশ্ববিদ্যালয়কে জামাতীকরণের সুদূরপ্রসারী চক্রান্তের অংশ হিসেবেই এটা করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন।